আজকের কাগজ

105

তারিখ 01 DEC 1991
পৃষ্ঠা 6 কলাম 8

৩

# যশোর পলিটেকনিক অধ্যক্ষকে ক্যাম্পাস থেকে বের করে দেয়া হয়েছে

যশোর পলিটেকনিক ইনস্টিটিউটের একদল উচ্ছৃংখল ছাত্র অধ্যক্ষ রেজাউল হাকিমকে তার পরিবারের সদস্যসহ ইনস্টিটিউট চত্বর থেকে বের করে দিয়েছে। জেলা প্রতিনিধির ফোন।

অধ্যক্ষ জানিয়েছেন, রোববারের ডিপ্লোমা চূড়ান্ত পর্বের পরীক্ষায় তিনি কড়াকড়ি আরোপ করবেন এই আশংকায় তাকে ইনস্টিটিউট থেকে জোর করে বের করে দিয়েছে।

তিনি বলেন, ছাত্ররা শুক্রবার রাতে তার বাসভবনে চড়াও হয়ে বোমাবাজি করে। এক পর্যায়ে উচ্ছৃংখল ছাত্ররা তাকে পরিবারের সদস্যসহ জোর করে বের করে দেয়।